দৈনিক সংবাদ

তারিখ ... 15 JUL 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

৮৪

82

# নকলের প্রতিবাদে পরীক্ষা বর্জন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গত বৃহস্পতিবার এইচ,এস,সি পরীক্ষার প্রথম দিনে শহীদ সোহরাওয়ার্দী কলেজ ছাত্র সংসদ নেতৃবৃন্দের তত্ত্বাবধানে বিশেষ কক্ষে

( শেষ পৃঃ ৪–এর কঃ দ্রঃ )

## নকলের প্রতিবাদে

(১ম পাতার পর)

অবাধ নকলের প্রতিবাদে এইচ,এস,সি পরীক্ষার্থী জাকির হোসেন পরীক্ষা বর্জন করেছেন।

কলেজের এই বিশেষ কক্ষে অসুস্থতার নামে ভুয়া মেডিক্যাল সার্টিফিকেট প্রদর্শন করে ৩৫ জন সুস্থ ছাত্র পরীক্ষা দেয়। এ ব্যাপারে ঢাকা কলেজের ছাত্র জাকির হোসেন ঘটনার প্রতিবাদ করায় ছাত্র সংসদ নেতৃবৃন্দ প্রথমে তাকে প্রাণনাশের হুমকি দেয়। পরে ঐ বিশেষ কক্ষে সেও যাতে পরীক্ষা দিতে পারে তার জন্য একটি ভুয়া মেডিক্যাল সার্টিফিকেট জাকির হোসেনের হাতে ধরিয়ে দেয়। জাকির হোসেন এই ঘটনার প্রতিবাদে পরীক্ষা বর্জন করে।

পরীক্ষা বর্জনের পর জাকির হোসেন গতকাল দেয়া এক বিবৃতিতে এই ব্যাপারে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।

### বিবৃতি

ঢাকা কলেজের ৬৫ জন মেধাবী ছাত্র এক বিবৃতিতে তাদের বন্ধু জাকির হোসেনের প্রতি অমানবিক আচরণ এবং সোহরাওয়ার্দী কলেজ ছাত্র সংসদের অপকর্মের নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন। ছাত্ররা এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দাবী জানান।